**একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প আদেশ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)**

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫

www.naem.gov.bd

স্মারক নম্বর:- ৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২৩-১৯১০ তারিখ : ১৮. ১০. ১৪২৯ব.
০১. ০২. ২০২৩খ্রি.

## বিজ্ঞপ্তি

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর ২০২৩-২৪ অর্থবছরে গবেষণাকর্ম সম্পাদনের জন্য নায়েম গবেষণা নীতিমালা ২০১৮ অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ালয়ের অধীন সংস্থা/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ এবং গবেষণা প্রতিষ্ঠানের অনুষদ/গবেষকদের নিকট থেকে গবেষণা-প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। নিম্নে বর্ণিত ক্ষেত্রসমূহের আলোকে গবেষণা-প্রস্তাবনা প্রণয়ন করে আগামী ০৯ মার্চ ২০২৩ (বৃহস্পতিবার) ৪.০০ ঘটিকার মধ্যে প্রস্তাবনার হার্ডকপি ও সফটকপি পরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম বরাবর দাখিল করতে অনুরোধ করা হলো।

**১.গবেষণার ক্ষেত্রসমূহ:**

| | | | |
|---|---|---|---|
| i | Quality Education | xi | Entrepreneurship in Education |
| ii | Innovation and Best Practices in Education | xii | Pedagogy and Andragogy |
| iii | Education in Emergency | xiii | Blended Learning |
| iv | Student Assessment & Public Examination | xiv | SDG in Educational Sectors |
| v | Global Citizenship Education | xv | Multilingual Education |
| vi | Ethics and Moral Education | xvi | Information Literacy |
| vii | Gender and Inclusive Education | xvii | Impact Evaluation in Educational Program |
| viii | Issues of Secondary and Higher Education | xviii | Educational Technology and Smart Bangladesh |
| ix | Curriculum and Textbook | xix | Teachers' Professional Development and Training |
| x | Technical Education | | |

**২. গবেষণা-প্রস্তাবনা প্রণয়নে নিচের শর্তসমূহ অনুসরণীয়:**

(ক) Plagiarism Similarity Index (২৫% এর নিচে) অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাবনার সফটকপি ওয়ার্ড ফরম্যাটে ইংরেজি: Times New Roman বাংলা: Nikosh-এ প্রণয়ন করে ই-মেইল **rddivision.naem@gmail.com** প্রেরণ করতে হবে;

(খ) গবেষণা প্রস্তাবনা বাংলা অথবা ইংরেজি ভাষায় প্রণয়ন করা যাবে;

(গ) প্রতিটি গবেষণা প্রস্তাবনার দুটি অংশ থাকবে, প্রথম অংশে দলের নাম, পদবি ও ঠিকানা উল্লেখ থাকবে না। দ্বিতীয় অংশে গবেষণাদলের উপদেষ্টার জীবনবৃত্তান্ত, স্বাক্ষরসহ সম্মতিপত্র এবং গবেষণা দলের প্রত্যেক সদস্যের আলাদা সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, স্বীকৃত প্রকাশনার তালিকা, এনআইডি-র অনুলিপি অন্তর্ভুক্ত করে উভয় অংশের ০৭ সেট দাখিল করতে হবে। দাপ্তরিক কাজের সুবিধার্থে এক পৃষ্ঠায় গবেষকদলের সকল সদস্যের নাম, বর্তমান ঠিকানা ও মোবাইল, ই-মেইলসহ দাখিল করতে হবে;

(ঘ) গবেষকগণ যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন;

(ঙ) নায়েমের অনুষদকে গবেষণাদলের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা আবশ্যক নয় তবে নায়েম অনুষদ সদস্যকে যে কোনো গবেষণাদলে অন্তর্ভুক্ত করা যাবে এবং আগ্রহী নায়েম অনুষদ সদস্যগণ গবেষণাদল গঠন করে গবেষণায় অংশগ্রহণ করতে পারবেন;

(চ) তথ্যপঞ্জি লেখার ক্ষেত্রে হালনাগাদ **APA Style** অনুসরণ করতে হবে;

(ছ) গবেষণাকর্ম সম্পাদন শেষে জমাকৃত প্রতিবেদনের ভিত্তিতে নায়েম জার্নাল-এ প্রকাশোপযোগী প্রবন্ধ জমা দিতে হবে। যা Reviewer-এর অভিমতের ভিত্তিতে নায়েম জার্নালে প্রকাশের ব্যবস্থা করা হবে;

(জ) প্রতিটি গবেষণাকর্মের ফলাফলের সারসংক্ষেপ গবেষণা ও তথ্যায়ন বিভাগ-এ জমা দিতে হবে;

(ঝ) গবেষণাকর্মের সকল ব্যয় সরকারি নীতিমালা ও বাজেট অনুযায়ী পরিশোধ করা হবে;

(ঞ) গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের উপদেষ্টাসহ সকলের কার্যপরিধি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩. যে কোনো গবেষণাদলের প্রস্তাবনা, কার্যক্রম, পরিবর্তন/পরিমার্জন ও বাতিলের ক্ষমতা নায়েম গবেষণা কমিটি সংরক্ষণ করেন।

৪. **গবেষণা প্রস্তাবনার কাঠামো:**

(৪.০) গবেষণার শিরোনাম (Title of the Research)

(৪.১) ভূমিকা (Introduction)

(৪.২) সমস্যার বিবরণ (Statement of the Problem)
(৪.৩) গবেষণা বিষয়ের যৌক্তিকতা (Rationale of the Study)
(৪.৪) গবেষণার উদ্দেশ্য (Research Questions/Objective(s))
(৪.৫) গবেষণার পরিধি ও সীমাবদ্ধতা (Scope and Limitation of the Study)
(৪.৬) অনুমিত সিদ্ধান্ত (Formulation of Hypothesis, If necessary) — ১৫০০ শব্দ

(৪.৭) প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণাকর্মের পর্যালোচনা (Review of Literature) — ১০০০শব্দ

(৪.৮) গবেষণা পদ্ধতি (Methodology of Study)

(৪.৯) নমুনায়ন (Sampling)
(৪.১০) উপাত্তের উৎস ও সংগ্রহের পদ্ধতি (Source of Data and Methods of Data Collection)
(৪.১১) উপাত্ত সংগ্রহের উপকরণ (Tools of Data Collection)
(৪.১২) উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Methods of data analysis and Presentation) — ৫০০ শব্দ

(৪.১৩) গবেষণাকর্মটি সম্পাদনে ধারণাগত কাঠামো (Conceptual Frame-work, If necessary)

(৪.১৪) তথ্যপঞ্জি (References)

(৪.১৫) গবেষণাকর্ম সম্পাদনের কর্মপরিকল্পনা (Work Plan of the Study) ও প্রত্যাশিত ফলাফল (Expected output)।

৫. গবেষণা বাজেট: গবেষণাকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মোট বরাদ্দ : সর্বোচ্চ ০৪ (চার) লক্ষ টাকা।

৫. ১ গবেষণাদল গঠন ও ব্যয় বিভাজন:

| গবেষণাদলের গঠন | সম্মানী মোট বরাদ্দ ও ব্যয় বিভাজন (%) |
|---|---|
| পরামর্শক (এক জন) | ৫% |
| দলনেতা (এক জন) | ১২% |
| সদস্য (দুই জন) | (৯% +৯%) = ১৮% |
| উপাত্ত সংগ্রহ, যাতায়াত, ষ্টেশনারি ক্রয় ও অন্যান্য খাত | ৬৫% |
| মোট = | ১০০% |

**৬. গবেষকদলের কর্মপরিধি:**

গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের উপদেষ্টা, দলনেতা, সদস্য-১ ও সদস্য-২ এর কর্মপরিধি অবশ্যই উল্লেখ করতে হবে।

**৭. পরামর্শকের যোগ্যতা:**

(i) এমফিল/পিএইচডি ডিগ্রি রয়েছে, অথবা শিক্ষা ও গবেষণাকর্মের কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা আছে এমন সক্রিয় গবেষক গবেষণাকর্মের উপদেষ্টা/পরামর্শক হবেন;

(ii) নায়েম গবেষণা কমিটির কোন সদস্য গবেষণাকর্মের পরামর্শক হতে পারবেন না;

(iii) একই অর্থবছরে কোনো গবেষক একাধিক দলের উপদেষ্টা/পরামর্শক হতে পারবেন না।

**৮. গবেষণাদলের দলনেতা ও সদস্যের যোগ্যতা:**

(ক) দলনেতা এমফিল বা পিএইচডি ডিগ্রিধারী হবেন/প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশিত কমপক্ষে ০৫ (পাঁচ)টি গবেষণাকর্ম থাকতে হবে ;

(খ) একজন গবেষক কেবল ০১ (এক)টি গবেষণাদলের সদস্য হয়ে প্রস্তাবনা জমা দিতে পারবেন। যদি তিনি একাধিক দলের সদস্য হয়ে গবেষণা প্রস্তাবনা দাখিল করেন, তাহলে তাঁকে যে কোনো একটি দলে অন্তর্ভুক্ত রেখে অন্য দলে নতুন সদস্য অর্ন্তভুক্ত করা হবে;

(গ) অনুমোদিত গবেষণাদলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে গবেষণা ও তথ্যায়ন বিভাগের মাধ্যমে গবেষণা কমিটির অনুমোদনক্রমে পরিবর্তন করতে হবে;

(ঘ) নায়েমের কোন অনুষদ সদস্য অন্যত্র বদলি হয়ে গেলেও তিনি চলমান গবেষণাকর্ম সম্পন্ন করতে পারবেন;

(ঙ) গবেষণাকর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য গবেষণাকর্মের বরাদ্দ হতে ভ্রমণব্যয় নির্বাহ করতে হবে। নায়েমের রাজস্ব বাজেট হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা দেওয়া হবে না।


(প্রফেসর ড. মো. নিজামুল করিম)
মহাপরিচালক
ফোন : ৫৫১৬৭৫২৯
ই-মেইল: dg@naem.gov.bd
ও
সভাপতি, নায়েম গবেষণা কমিটি


প্রাপক : -------------------------------------------
------------------------------------------
------------------------------------------

স্মারক নম্বর:- ৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২৩-১৯১০(৭)

তারিখ : ১৮. ১০. ১৪২৯ব.
০১. ০২. ২০২৩খ্রি.

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/গবেষণা ও তথ্যায়ন,নায়েম;
৩. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম (গবেষণা প্রস্তাবনার-এ নোটিশ-টি নায়েম ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
৪. ডকুমেন্টেশন অফিসার, নায়েম;
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম;
৬. নোটিশ বোর্ড, নায়েম;
৭. অফিস নথি।


(রোকসানা বিলকিস)
পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)
ফোন : ৫৫১৬৭৫৩১/০১৭৪৩৪৮৩০৭৮
ই-মেইল : rokshana.naem@gmail.com
ও
সদস্য-সচিব, নায়েম গবেষণা কমিটি